জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২০.০২২.০৩২.১৭-৬০৭ তারিখঃ ১৭-১০-২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ আগামী ২২ অক্টোবর 'জাতীয় নিরাপদ সড়ক দিবস' এর কর্মসূচি পালন প্রসংগে।

প্রতিবছর ২২ অক্টোবর তারিখকে সরকার 'জাতীয় নিরাপদ সড়ক দিবস' হিসেবে ঘোষণা করেছে। এ বছর ২২ অক্টোবর তারিখে জাতীয় নিরাপদ সড়ক দিবস, ২০১৮ সরকারিভাবে পালন করা হবে। দিবসটির এ বছরের প্রতিপাদ্য বিষয় হচ্ছে 'আইন মেনে চলবো, নিরাপদ সড়ক গড়বো'। দিবসটি যথাযথভাবে উদযাপনের নিমিত্ত গত ১৫-১০-২০১৮ তারিখে অনুষ্ঠিত সভায় সওজ এর বিভিন্ন টোল প্লাজা, ঢাকা মহানগরীর গুরুত্বপূর্ণ ফুটওভার ব্রিজসমূহ এবং জাতীয় মহাসড়কসহ সওজ এর অন্যান্য ফুট ওভারব্রীজে ব্যানার ও ফেষ্টুন টানাতে হবে মর্মে সিদ্ধান্ত রয়েছে **(সিদ্ধান্ত ক্রম-১০)**।

২। এমতাবস্থায়, সওজ এর বিভিন্ন টোল প্লাজা, ঢাকা মহানগরীর গুরুত্বপূর্ণ ফুটওভার ব্রিজসমূহ এবং জাতীয় মহাসড়কসহ সওজ এর অন্যান্য ফুট ওভারব্রীজে ব্যানার ও ফেষ্টুন টানানোর প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ সভার কার্যবিবরণী

(মোঃ লিয়াকত আলী)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৬৯

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা

অনুলিপিঃ

১। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
২। সচিব এর একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন অধিশাখা

## 'জাতীয় নিরাপদ সড়ক দিবস-২০১৮' উদযাপনের নিমিত্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ নজরুল ইসলাম
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

তারিখ : ১৫-১০-২০১৮ খ্রিস্টাব্দ

সময় : বিকেল ৩:০০ টা

স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই সভাপতি বলেন, সরকার ২২ অক্টোবর তারিখকে জাতীয় নিরাপদ সড়ক দিবস হিসেবে ঘোষণা করেছে। এ বছর ২য় বারের মত দিবসটি সরকারিভাবে পালন করা হবে। এতদুপলক্ষে কর্মসূচি প্রণয়ন ও কার্যক্রম গ্রহণের জন্য গত ১৬-০৯-২০১৮ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে গঠিত বিভিন্ন উপ-কমিটির কার্যক্রম পর্যালোচনা করার জন্য আজকের সভাটি আহবান করা হয়েছে। সভাপতি প্রতিটি উপ-কমিটির আহবায়ক/সদস্য-সচিবগণকে তাদের গৃহীত কার্যক্রম উপস্থাপন করার জন্য আহবান জানান। সে প্রেক্ষিতে সকল উপ-কমিটির আহবায়ক/সদস্য-সচিব তাদের গৃহীত কার্যক্রম/অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

০২. অত:পর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রম | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | শোভাযাত্রা | আলোচনা: শোভাযাত্রা পরিচালনা সংক্রান্ত বিষয়ে গঠিত উপ-কমিটির আহবায়ক অতিরিক্ত সচিব জনাব মোঃ আজহারুল ইসলাম খান সভাকে অবহিত করেন, জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় শোভাযাত্রায় অংশ গ্রহণের নিমিত্ত সকাল ৮.৩০টায় সমবেত হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে বলা হয়েছে।<br>সিদ্ধান্ত: ২২-১০-২০১৮ তারিখ সোমবার সকাল ৮:৩০ টায় শোভাযাত্রার উদ্দেশ্যে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকতে হবে। | শোভাযাত্রা বিষয়ক উপ-কমিটি |
| ০২. | বাণী সংগ্রহ | আলোচনা: বাণী সংগ্রহ সংক্রান্ত বিষয়ে গঠিত উপ-কমিটির আহবায়ক অতিরিক্ত সচিব(এষ্টেট) সভাকে অবহিত করেন, মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রীর বাণী ১৬-১০-২০১৮ তারিখে পাওয়া যাবে মর্মে সংশ্লিষ্ট কার্যালয় হতে জানানো হয়েছে। মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির চেয়ারম্যান এবং সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত বাণী পাওয়া গিয়েছে।<br>সিদ্ধান্ত: মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রীর বাণী ১৬-১০-২০১৮ তারিখের মধ্যে সংগ্রহ নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট) |

অপর পাতায় দ্রষ্টব্য

| | | | |
|---|---|---|---|
| ০৬. | জাতীয় নিরাপদ সড়ক দিবস বিষয়ক ভিডিও প্রদর্শন | আলোচনা: বিআরটিএ'র পরিচালক (রোড সেফটি) সভাকে অবহিত করেন, এ বিষয়ে উপ-পরিচালক (ইঞ্জিনিয়ার) এর নেতৃত্বে একটি উপকমিটি গঠন করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা করা হবে মর্মে সভাকে অবহিত করেন।<br>সিদ্ধান্ত: ঢাকার গুরুত্বপূর্ণ টার্মিনালসমূহ এবং জেলা পর্যায়ের প্রধান প্রধান টার্মিনালসমূহে ভিডিও প্রদর্শন করতে হবে। | যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ/পরিচালক (রোড সেফটি), বিআরটিএ |
| ০৭. | ইলেক্ট্রনিক মিডিয়াতে জাতীয় নিরাপদ সড়ক দিবস উপলক্ষে টক-শোর আয়োজন | আলোচনা: অতিরিক্ত সচিব (এস্টেট) সভাকে অবহিত করেন, বাংলাদেশ টেলিভিশনসহ বেসরকারি টিভি চ্যানেলগুলোতে দিবসের তাৎপর্য তুলে ধরে টক-শো আয়োজন করার জন্য নির্দেশনা দিতে তথ্য মন্ত্রণালয়ে ২৫-০৯-২০১৮ তারিখ পত্র দেয়া হয়েছে।<br>সিদ্ধান্ত: বেসরকারি টিভি চ্যানেলগুলোকে টক-শো আয়োজন করার জন্য অনুরোধ করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| ০৮. | জাতীয় নিরাপদ সড়ক দিবস উপলক্ষে সরকারি ও বেসরকারি সংস্থায় সহায়ক কর্মসূচি পালন | আলোচনা: কেন্দ্রীয় কর্মসূচির সাথে সংগতি রেখে বাংলাদেশ পুলিশ, এআরআই, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, হাইওয়ে পুলিশ বা অন্য যে কোন সরকারি প্রতিষ্ঠান, মালিক ও শ্রমিক সংগঠন, বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থা নিজস্ব উদ্যোগে সহায়ক কর্মসূচি পালন করলে।<br>সিদ্ধান্ত: কেন্দ্রীয় কর্মসূচির সাথে সংগতি রেখে বিভিন্ন সংস্থা/সংগঠন দিবসটি যথাযথভাবে পালন করবে। | সংশ্লিষ্ট সকল |
| ০৯. | জাতীয় নিরাপদ সড়ক দিবস পালনে বাংলাদেশ স্কাউটসকে সম্পৃক্ত করা | আলোচনা: কেন্দ্রীয় এবং জেলা পর্যায়ের অনুষ্ঠানকে সুষ্ঠু ও সুন্দরভাবে উদযাপনের নিমিত্ত বাংলাদেশ স্কাউটস এর সদস্যদেরকে সম্পৃক্ত করতে হবে। এ বিষয়ে প্রধান স্কাউটস কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।<br>সিদ্ধান্ত: নিরাপদ সড়ক দিবস উপলক্ষে বাংলাদেশ স্কাউটস এর সদস্যদেরকে সম্পৃক্ত করতে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/ বিআরটিএ |
| ১০. | জাতীয় নিরাপদ সড়ক দিবস পালনের জন্য টোল প্লাজায় এবং ফুটওভার ব্রিজে ব্যানার প্রদর্শন | আলোচনা: সড়ক ও জনপথ অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন, আওতাধীন সকল টোল প্লাজায় জাতীয় নিরাপদ সড়ক দিবস উপলক্ষে ব্যানার ও ফেস্টুন প্রদর্শন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে। সভায় উপস্থিত ডিআইজি হাইওয়ে বলেন, এবারে নিরপদ সড়ক দিবসের স্লোগান ঠিক রেখে মহাসড়কের বিভিন্ন স্পটে হাইওয়ে পুলিশের পক্ষ থেকে প্রয়োজনীয় ফেস্টুন টানানো হবে। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর/হাইওয়ে পুলিশ/টোল প্লাজা কর্তৃপক্ষ |

অপর পৃষ্ঠায় ...

| | | | |
|---|---|---|---|
| | | সিদ্ধান্ত: 'আইন মেনে চলবো, নিরাপদ সড়ক গড়বো' এই প্রতিপাদ্য বিষয় নিয়ে সওজ এর বিভিন্ন টোল প্লাজা, ঢাকা মহানগরীর গুরুত্বপূর্ণ ফুটওভার ব্রিজসমূহ এবং জাতীয় মহাসড়কসহ সওজ এর অন্যান্য ফুট ওভারব্রীজে ব্যানার ও ফেষ্টুন টানাতে হবে। | |
| ১১. | সাজসজ্জা সংক্রান্ত উপ-কমিটি | আলোচনা: দিবসটি যথাযথভাবে উদযাপনের নিমিত্ত সাজসজ্জা সংক্রান্ত উপ-কমিটি গঠনের জন্য সভায় অভিমত ব্যক্ত করা হয়।<br>সিদ্ধান্ত: অনুষ্ঠানস্থলে গেইট নির্মাণ এবং অনুষ্ঠান স্থল ও এর আশপাশ এবং সচিবালয় গেইট সাজসজ্জার জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হয়ঃ<br>১. জনাব মোঃ হুমায়ুন কবীর খোন্দকার, অতিরিক্ত সচিব - আহবায়ক<br>২. জেসমিন নাহার, উপ-সচিব - সদস্য<br>৩. জনাব শীতাংশু শেখর বিশ্বাস, পরিচালক (অপারেশন) - সদস্য<br>৪. জনাব মোঃ মাসুদ আলম, উপপরিচালক (ইঞ্জিঃ) ঢাকা বিভাগ - সদস্য-সচিব | সংশ্লিষ্ট কমিটি |
| ১২. | আলোচনা সভার ব্যবস্থাপনা ও পরিচালনা | আলোচনা: জাতীয় নিরাপদ সড়ক দিবস, ২০১৮ এর এবারের প্রতিপাদ্য বিষয় 'আইন মেনে চলবো, নিরাপদ সড়ক গড়বো' এর উপর অনুষ্ঠিতব্য আলোচনা সভা সুষ্ঠুভাবে সম্পন্ন করার ব্যাপারে গুরুত্ব আরোপ করা হয়।<br>সিদ্ধান্ত: মঞ্চ সজ্জা, আসন ব্যবস্থাপনা, আসন বিন্যাস, শব্দ যন্ত্র ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ এবং অনুষ্ঠান উপস্থাপনার আয়োজন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | ১. জনাব আব্দুল মালেক, অতিরিক্ত সচিব(বাজেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>২. চেয়ারম্যান, বিআরটিএ |

৩.০ সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

স্মারক নং- ১৫২৭(২০)-ই তারিখঃ ২১/১০/১৫

অনুলিপি জ্ঞাতার্থে ও তাঁর নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে অবহিত করণসহ কার্যকরী ব্যবস্থা গ্রহণের নিমিত্তে সংলগ্নীসহ আদিষ্ট হয়ে প্রেরণ করা হলো ঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওজ), ঢাকা জোন/ময়মনসিংহ জোন/কুমিল্লা জোন/রাজশাহী জোন/বরিশাল জোন/খুলনা জোন/চট্টগ্রাম জোন/রংপুর জোন/সিলেট জোন/গোপালগঞ্জ জোন।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সওজ), ...............................
৩। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট (সওজ), ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। (সওজ ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য প্রেরণ করা হলো)।
৪। নির্বাহী প্রকৌশলী (সওজ), ...............................

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ মনিরুজ্জামান)
পরিচিতি নং-০০০৪২২
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
ফোনঃ ০২-৮৮৭৯৩১৫।